

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৮০৭

২০. কোমলতা অধ্যায় (كتاب الرقاق)

পরিচ্ছেদঃ ৫৫. জ্বর জাহান্নামের উত্তাপ হতে

باب الْحُمَّى مِنْ فَيْح جَهَنَّمَ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ يُوسُفَ عَنْ سُفْيَانَ عَنْ أَبِيهِ عَنْ عَبَايَةَ بْنِ رِفَاعَةَ عَنْ رَافِعِ بْنِ خَدِيجٍ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْحُمَّى مِنْ فَيْحِ جَهَنَّمَ أَوْ مِنْ فَوْرِ جَهَنَّمَ فَأَبْرِدُوهَا بِالْمَاءِ

বাংলা

২৮০৭. রাফি ইবনু খাদীজ রাদ্বিয়াল্লাহু আনহু হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: "জুরের উৎপত্তি হয় জাহান্নামের ভীষণ উত্তাপ বা উন্মন্ততা হতে। অতএব তোমরা একে পানি দ্বারা ঠান্ডা কর।"[1]

ফুটনোট

[1] তাহক্বীক: এর সনদ সহীহ।

তাখরীজ: বুখারী, বাদাউল খালক ৩২৬২, তিব্ব ৫৭২৬; মুসলিম, সালাম ২২১২ (৮৪); তিরমিযী, তিব্ব ২০৭৪; তাহাবী, মুশকিলিল আছার ২/৩৪৬; ইবনু মাজাহ, তিব্ব ৩৪৭৩; ইবনু আবী শাইবা ৭/৪৩৮ নং ৩৭২২; তাবারাণী, কাবীর ৪/২৭৪ নং ৪৩৯৭, ৪৩৯৮; আহমাদ ৪/১৪১।

আর এর শাহিদ হাদীস রয়েছে ইবনু আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহু হতে, যেটি বুখারী ও মুসলিম সম্মিলিতভাবে বর্ণনা করেছেন। আমরা যার পূর্ণ তাখরীজ দিয়েছি সহীহ ইবনু হিব্বান নং ৬০৬৬, ৬০৬৭ তে।

আর এর শাহিদ হাদীস রয়েছে আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা হতে, যেটি বুখারী ও মুসলিম সম্মিলিতভাবে বর্ণনা করেছেন। আমরা যার পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ৪৬৩৫ তে।



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ রাফি ইবনু খাদীজ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন